



# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১১০৫


তারিখঃ ০৫/১১/২০১৩ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৯৯ তম কমিশন সভা অদ্য ০৫/১১/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

1. Sandhani Life Growth Fund এর সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী Asian Tiger Capital Partners Asset Management Limited (ATCPAML) এর আবেদনক্রমে ৩৬২তম কমিশন সভায় ফান্ডটির ট্রাস্ট ডীড এবং ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদিত হয়। পরবর্তীতে ২০/০৪/২০১১ইং তারিখে কমিশন কর্তৃক উক্ত ফান্ডটির নিবন্ধন সনদ প্রদান করা হয়। কিন্তু সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ১০(৩) অনুযায়ী ফান্ড নিবন্ধিত হওয়ায় অনধিক তিন মাসের মধ্যে গণপ্রস্তাব (Public Offering) এর জন্য খসড়া প্রসপেক্টাস কমিশনে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ATCPAML দাখিল করতে ব্যর্থ হয়। এছাড়াও খসড়া প্রসপেক্টাস দাখিল করার সময় ২০/০৭/২০১১ তারিখে অতিক্রান্ত হলেও ATCPAML কমিশনে ১২/০৭/২০১২ইং তারিখে (অর্থাৎ ফান্ডটির নিবন্ধনের দীর্ঘ প্রায় ১ বৎসর ৩ মাস সময় পর) Sandhani Life Growth Fund এর খসড়া প্রসপেক্টাস দাখিলের সময়সীমা বর্ধিত করণের জন্য আবেদন করে। উল্লেখিত ফান্ডটির গণ প্রস্তাবের জন্য খসড়া প্রসপেক্টাস দাখিলে অদ্যাবধি ব্যর্থতার জন্য Sandhani Life Growth Fund এর নিবন্ধন বাতিল করার সিদ্ধান্ত আজকের সভায় গৃহীত হয়।
2. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর স্টক ব্রোকার/ডিলার Sylnet Securities Ltd. -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
  - ক) “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRC/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
  - খ) সর্ট সেল এর মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 লংঘন;
  - গ) ডিলার হিসাবে ০১/০১/২০১১ থেকে ৩০/০৪/২০১৩ সময়ের লেনদেনের তথ্য প্রদানে ব্যর্থতার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ লংঘন এবং স্টক ব্রোকার/ডিলার সনদের ১১নং শর্ত পরিপালনে ব্যর্থতা;
  - ঘ) পরিচালকগণ কর্তৃক ঋণ সুবিধা গ্রহণ করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRC/2001-43/51 তাং 22/07/2010 লংঘন; এবং
  - ঙ) ৫.০০ লক্ষ টাকার উপরে নগদ অর্থ গ্রহণ করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1) (cc) (i) লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় উক্ত প্রতিষ্ঠানকে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র